The Financial Express

28 AUG 2025

# US tariffs on India hit 50pc as Trump-Modi ties sour

ANDRES SCHIPANI, AIME WILLIAMS AND CHRIS KAY
*FT SYNDICATION SERVICE*

NEW DELHI/ WASHINGTON/ BENGALURU: The US has slapped punitive tariffs on India over its purchases of discounted Russian oil, dealing a blow to the world's fastest-growing large economy and deepening a rift between Washington and New Delhi.

The 25 per cent levy, which came on top of a 25 per cent "reciprocal" tariff, took effect at 12.01am US eastern time on Wednesday and raised duties on India to among the highest in the world.

President Donald Trump's announcement this month that the US would double its tariff rate on India marked a sudden escalation of tensions after the two sides failed to reach a breakthrough in trade talks.

Alyssa Ayres, a former state department official now at George Washington University, called the deterioration in the US-India relationship "head-spinning".

Indian analysts said Trump's move was partly aimed at putting pressure on Russian President Vladimir Putin to end his war in Ukraine. But despite the threat of higher tariffs, India has continued to buy Russian crude, albeit at lower levels.

"Trump is trying to get at Putin and India is a soft target to do so," said Ashok Malik, chair of The Asia Group's India practice and a former foreign ministry policy adviser.

The Global Trade Research Initiative, a New Delhi-based think-tank, predicted that Indian exports to the US, the country's largest trading partner, could fall from \$86.5bn this year to about \$50bn in 2026.

It said textiles, gems, jewellery, shrimp and carpets would be worst affected, with the sectors bracing for a 70 per cent collapse in exports, "endangering hundreds of thousands of jobs".

Standard Chartered has forecast that the tariffs could knock as much as 1 percentage point off India's GDP growth.

But Anubhuti Sahay, the bank's head of India economic research, noted that New Delhi's domestically focused economy was less exposed than more export-oriented Asian peers.

Semiconductors, consumer electronics and pharmaceuticals will be covered by separate, sector-specific US tariffs. But India is now among the worst-hit countries of Trump's tariff war, with overall duties on a par with Brazil's and higher than those of China, whose rates are still being negotiated.

"I think India could survive 25 per cent?.?.?.?but 50 per cent is a completely different scenario," said Mark Linscott, a former US trade negotiator who now advises US and Indian businesses.

Talks had stalled in part over New Delhi's resistance to opening up the country's vast agricultural and dairy sectors, over which Prime Minister Narendra Modi has vowed to "never compromise". US trade negotiators called off a planned trip to New Delhi this week.

Indian government officials have made overtures to Russia and China, with Modi set to make his first visit to the latter country in seven years this weekend. Foreign minister Subrahmanyam Jaishankar last week encouraged Russian companies to engage "more intensively" with India.

Some Indian officials and analysts believe the stalemate partly reflects a cooling of personal ties between Modi and Trump, who has threatened Apple for shifting some manufacturing to India, mocked the country's "dead economy" and courted its biggest rival Pakistan.

According to three people briefed on the matter, Modi did not communicate with Trump in the run-up to the tariff deadline, as he was concerned that the US president could try to squeeze in last-minute concessions.

Modi's office did not respond to a request for comment.

Linscott also pointed to the collapse in communication between Trump and Modi.

"The missing component was the leader-to-leader conversation, and the opportunity for the president to seal the deal, to put his stamp of approval on it," he said.

ঢাকা।

The Business Standard

EXPORT DIVERSIFICATI

# An urgency deserving attenti



**Josef Ahmed**
Banker

**With over 80% of exports tied to garments, Bangladesh's economy soars on one wing alone. Diversification—both within and beyond RMG—is no longer optional but essential for resilience in an uncertain global market**

Warren Buffett, one of the most successful investors and renowned for his long-term strategy, once said: "Do not put all your eggs in one basket." This principle has long been regarded as the cornerstone of diversification, and it applies equally to personal, corporate, and national investments.

Defying this principle, Bangladesh has nonetheless performed well so far, being recognised as an emerging economy and a potential next Asian Tiger, thanks to its strong growth driven mainly by the ready-made garments (RMG) industry and inward remittances. Yet this raises a critical question: how far can one fly with just one wing?

The RMG industry has consistently contributed more than 80% of Bangladesh's total exports since 2013–14, according to BGMEA data. Recently, this sector accounted for 81.49% of total exports and created employment for more than 4 million people, the majority of whom are women. This demonstrates both the remarkable success of the sector and the significant participation of women in the country's economy.

However, such heavy dependence on a single sector exposes the country to concentration risk—something that was felt acutely only a few days ago when former US President Donald Trump's reciprocal tariff of 35% was nearly imposed. It is important to note that Bangladesh has its highest single-market exposure in the US , which accounts for 18% of total merchandise exports worth $48.28 billion. Although the tariff was ultimately avoided, the episode highlighted the country's vulnerability. Without diversification—both within the RMG sector and beyond—Bangladesh's export growth cannot remain sustainable.

As in previous years, the interim government has set the merchandise export target for FY26 at $55.00 billion, a 13.40% increase from the $48.29 billion achieved in FY25. The total export target, including services, has been fixed at $63.50 billion, up 16.5% from $55.45 billion in FY25. While the targets appear consistent and achievable, the plan contains no clear roadmap for diversification, with specific targets and timelines still absent.

A comparison with regional peers underscores the challenge. India's export basket, according to the latest financial year's data, comprises enginee petroleum products (13.86%), elec pharmaceuticals (7.01%), gems a chemicals (6.60%), ready-made g others (26.20%). This reflects a div no single-product concentration a by a focus on capital- and skill-inte

Similarly, Vietnam's exports in electronic products (17.90%), te (13.29%), machinery and accesso and sewing products (9.13%), foo products (4.02%), transport equip ers (33.44%). Vietnam thus mai concentration below 20% with a st and high-end products that levera

By contrast, Bangladesh's expo by RMG, with smaller contributio cultural products, jute, engineerin maceuticals—shows over 80% co labour-intensive industry, reflecti sity and limited skills developmen

The need for diversification has gent, given shifting global trade d litical landscapes, and rapid techn If pursued effectively, diversificati risk but also unlock opportunities i

### Diversification within the RMG

Bangladesh's current RMG export heavily concentrated, with 50.1 19.18% to the US, 11.05% to the UK, 16.36% to non-traditional market need to expand into new markets

The Business Standard 28 AUG 2025

# ...T DIVERSIFICATION

# ...rving attention and action

...dy-made garments
...es. Yet this raises a
...vith just one wing?
...contributed more
...orts since 2013–14,
...his sector account-
...eated employment
...ajority of whom are
...emarkable success
...cipation of women

...on a single sector
...n risk—something
...ago when former
...ocal tariff of 35%
...to note that Bang-
...exposure in the US
...erchandise exports
...riff was ultimately
...country's vulner-
...within the RMG
...ort growth cannot

...overnment has set
...Y26 at $55.00 bil-
...29 billion achieved
...ding services, has
...from $55.45 billion
...sistent and achiev-
...nap for diversifica-
...s still absent.
...derscores the chal-
...to the latest finan-cial year's data, comprises engineering goods (26.88%), petroleum products (13.86%), electronic goods (8.89%), pharmaceuticals (7.01%), gems and jewellery (6.87%), chemicals (6.60%), ready-made garments (3.68%) and others (26.20%). This reflects a diversified structure with no single-product concentration above 30%, supported by a focus on capital- and skill-intensive sectors.

Similarly, Vietnam's exports include computers and electronic products (17.90%), telephones and parts (13.29%), machinery and accessories (12.87%), textiles and sewing products (9.13%), footwear (5.64%), wood products (4.02%), transport equipment (3.72%) and others (33.44%). Vietnam thus maintains single-product concentration below 20% with a strategic mix of low-end and high-end products that leverage a skilled workforce.

By contrast, Bangladesh's export basket—dominated by RMG, with smaller contributions from leather, agricultural products, jute, engineering products, and pharmaceuticals—shows over 80% concentration in a single labour-intensive industry, reflecting both a lack of diversity and limited skills development.

The need for diversification has never been more urgent, given shifting global trade dynamics, evolving political landscapes, and rapid technological advancement. If pursued effectively, diversification will not only reduce risk but also unlock opportunities in untapped markets.

**Diversification within the RMG sector**

Bangladesh's current RMG exports of $39.35 billion are heavily concentrated, with 50.10% going to the EU, 19.18% to the US, 11.05% to the UK, 3.31% to Canada, and 16.36% to non-traditional markets. This highlights the need to expand into new markets such as Japan, South Korea, Australia, Southeast Asia, and the Middle East.

Developing backward linkages to reduce dependence on imported raw materials, shifting from cotton-based to man-made fibres, and targeting high-end garment items could significantly strengthen the sector's resilience and value addition.

**Diversification beyond the RMG sector**

**Leather and leather products**

Despite an ample supply of raw materials, particularly from sacrificial animals during Eid-ul-Adha, Bangladesh's leather industry continues to struggle with compliance and certification challenges. The global leather market, according to Fortune Business Insights, is projected to reach $855.36 billion by 2032.

To tap into this potential, Bangladesh must modernise and ensure the effective operation of the Central Effluent Treatment Plant (CETP) in Savar, enabling businesses to secure certification from the Leather Working Group (LWG). Building a strong vertical supply chain through backward linkages would also help enhance competitiveness and sustainability.

**Agricultural products**

Global demand for processed and organic agro-products is rising. Bangladesh's fertile land and favourable climate can be leveraged through better cold storage facilities and stricter quality control.

According to the World Population Review's Food Index 2024, per capita food waste in Bangladesh is 82 kg annually, amounting to 14.1 million tonnes in total—higher than in the US(73 kg),

বাণিজ্য তথ্য কেন্দ্র ঢাকা। রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Business Standard

28 AUG 2025

China (76 kg), and India (53 kg). Reducing waste could itself unlock export opportunities.

**Jute and jute products**

With the global shift toward sustainable alternatives, jute offers Bangladesh a chance to reclaim its position as a global leader in this sector, building on its historical legacy and expertise.

**Pharmaceuticals and APIs**

Bangladesh's pharmaceutical industry currently meets 98% of domestic medical demand and exports to over 150 countries, taking advantage of TRIPS waivers available to LDCs. But with LDC graduation due in 2026, these advantages will end. Rising chronic disease and ageing populations globally are driving demand, but Bangladesh must develop an Active Pharmaceutical Ingredient (API) ecosystem and maintain strong R&D investment to reduce costs by over 20% and remain competitive.

**Engineering and ICT-enabled products/services**

Bangladesh has a large and growing tech-savvy youth population. Attracting investment from global tech companies, expanding vocational training centres across districts, and fostering stronger industry–academia collaboration could create jobs and boost exports. With proper support, Bangladesh could become a hub for outsourcing and digital innovation.

Ultimately, words must translate into action. Ensuring political stability, removing trade barriers, and improving the ease of doing business are essential steps to foster a conducive environment. The more diversified Bangladesh's export basket becomes, the more resilient its economy will be—protecting both the RMG sector and other emerging industries. The sooner this process begins, the better, because opportunities do not remain open forever.

JOSEF AHMED IS A CORPORATE BANKER AT CITY BANK PLC AND A FINANCE GRADUATE FROM THE UNIVERSITY OF DHAKA

**Disclaimer:** The views and opinions expressed in this article are those of the author and do not necessarily reflect the opinions and views of The Business Standard.

2 8 AUG 2025

সমকাল

# চীন প্লাস্টিক 'ডাম্পিং' করলে পাল্টা ব্যবস্থা নেওয়া হবে

## বিপিজিএমইএর অনুষ্ঠানে বাণিজ্য সচিব

**সমকাল প্রতিবেদক**

বাণিজ্য সচিব মাহবুবুর রহমান চীন বাংলাদেশে প্লাস্টিক পণ্য ডাম্পিং করে থাকলে পাল্টা ব্যবস্থা নেওয়া হবে বলে মন্তব্য করেছেন। চীনের ওপর যতই নির্ভরতা থাকুক, যদি দেশটি এমন করে তাহলে বাংলাদেশ 'অ্যান্টি ডাম্পিং শুল্ক' আরোপ করবে। গতকাল বুধবার প্লাস্টিক খাতের ওপর এক আলোচনা সভায় ব্যবসায়ীদের অভিযোগের পরিপ্রেক্ষিতে তিনি এমন মন্তব্য করেন। চীনের ডাম্পিং করার বিষয়ে কোনো প্রমাণ থাকলে তা উপস্থাপন করার জন্য ব্যবসায়ীদের প্রতি তিনি আহ্বান জানান।

গতকাল বুধবার হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'অর্থনীতিতে প্লাস্টিক খাতের অবদান' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মাহবুবুর রহমান। বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ) এর আয়োজন করে। এতে প্লাস্টিক খাতের বিভিন্ন ব্যবসায়ী, সরকারি কর্মকর্তা ও উন্নয়ন সহযোগীদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

প্লাস্টিক খাতে সহায়তার ব্যাপারে বাণিজ্য সচিব বলেন, হয়তো নগদ সহায়তা দেওয়া সম্ভব হবে না। শুল্ক সহায়তাও বেশি দিন দেওয়া যাবে না। তবে বিকল্প কী ধরনের সুযোগ-সুবিধা দেওয়া যায়, সে বিষয় নিয়ে আলোচনা চলছে। নতুন প্রশিক্ষণ কেন্দ্র বা ডিজাইনের ক্ষেত্রে উন্নতির জন্য সরকার সহায়তা দিতে পারবে।

আলোচনায় অংশ নিয়ে মেঘনা গ্রুপের জেনারেল ম্যানেজার মনিরুল ইসলাম বলেন, চীন আগে ভারতে পিভিসি ও পিইটি প্লাস্টিক রপ্তানি করত। কিন্তু সেখানে আর রপ্তানি করতে পারছে না। এখন তারা বাংলাদেশে প্লাস্টিক ডাম্পিং করছে। প্লাস্টিক খাত সরকারি সহযোগিতা না পেলে সামনে এগোনো কঠিন হবে।

স্বাগত বক্তব্যে বিপিজিএমইএ সভাপতি শামীম আহমেদ বলেন, এলডিসি উত্তরণের পর প্লাস্টিকসহ অন্যান্য স্থানীয় শিল্পে সুরক্ষা প্রয়োজন। নয় তো টিকে থাকা যাবে না। প্লাস্টিক এখন অত্যাবশ্যকীয় পণ্য হিসেবে পরিণত হয়েছে। একটা পাউরুটি আগে এক দিনে নষ্ট হয়ে যেত। প্লাস্টিক প্যাকেজিংয়ের কারণে এখন পাঁচ দিন পর্যন্ত ঠিক থাকছে। প্লাস্টিক প্যাকেজিং ছাড়া খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা যাবে না। এক খাতের সঙ্গে প্রায় ৩০টি উপখাত যুক্ত রয়েছে। সব মিলিয়ে ৫০ থেকে ৬০ হাজার কোটি টাকার বাজার তৈরি হয়েছে।

কালবেলা
28 AUG 2025

# যুক্তরাষ্ট্রের শুল্ক মোকাবিলায় ভারতের স্বনির্ভরতায় জোর

## মোদির কড়া পদক্ষেপ

বিশ্ববেলা ডেস্ক ››

যুক্তরাষ্ট্রের ৫০ শতাংশ শুল্কারোপের ফলে ভারতের টেক্সটাইল, চামড়া, দামি পাথর ও রাসায়নিক শিল্পে বড় ধাক্কা লেগেছে। তবে বিচলিত না হয়ে কড়া পদক্ষেপ নেওয়া শুরু করেছে ভারতের মোদি সরকার। এ সংকটকে স্বনির্ভর হওয়ার সুযোগ হিসেবে গ্রহণ করতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি বলেন, ভারতের সাধারণ মানুষ ও লাখো ক্ষুদ্র ব্যবসায়ীর জন্য দীপাবলির উপহার হিসেবে আশীর্বাদরূপে এসেছে এ ব্যাপক শুল্কের বোঝা।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন শুল্ক ঘোষণার চাপ থেকে ভারতীয়দের কিছুটা স্বস্তির জন্য কর হ্রাসের ঘোষণা দিয়েছে সরকার। একই সঙ্গে বিগত কয়েকদিনে একাধিকবার দেশি পণ্যে স্বনির্ভর হওয়ার জন্য সবাইকে আহ্বানও জানিয়েছেন মোদি।

দিল্লিতে স্বাধীনতা দিবসের আয়োজনে দেওয়া ভাষণে দোকান মালিক ও ব্যবসায়ীদের 'স্বদেশি' বা 'মেইড ইন ইন্ডিয়া' (ভারতে তৈরি) সাইনবোর্ড টানানোর আহ্বান জানান। তিনি বলেন, আমাদের স্বনির্ভর হতে হবে। এটা আমরা করব বাধ্য হয়ে নয়, বরং আত্মসম্মানের কারণে। বিশ্বে অর্থনৈতিক স্বার্থপরতার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। এ পরিস্থিতিতে আমরা নিজেদের দুর্দশা নিয়ে চোখের জল ফেলব না। আমরা সব বাঁধা ডিঙিয়ে মাথা উঁচু করে দাঁড়াব, যেন তাদের কেউ আমাদের নিয়ন্ত্রণ করতে না পারে।

রাশিয়ার কাছ থেকে জ্বালানি তেল ও অস্ত্র ক্রয়ের কারণে ভারতীয় পণ্যের ওপর বাড়তি ২৫ শতাংশ শুল্ক আরোপের হুমকি দিয়েছিলেন ট্রাম্প। আগের অন্যান্য শুল্কের সঙ্গে মিলে পরিমাণটি মোট দাঁড়ায় ৫০ শতাংশে। সেটা ২৬ আগস্ট কার্যকর হওয়ার কারণে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে হোয়াইট হাউসের অন্যতম মিত্র এখন বিশ্বের সবচেয়ে বেশি শুল্কের বোঝা বহন করছে। এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র ভারতের বৃহত্তম বাণিজ্যিক অংশীদার। উল্লেখ্য, ভারত হচ্ছে বিশ্বের পঞ্চম ও এশিয়ার তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ।

বাড়তি মার্কিন শুল্কের কারণে, পোশাক থেকে হীরা এবং চিংড়ি পর্যন্ত বিপুল পণ্য যুক্তরাষ্ট্রে সরবরাহ করার সঙ্গে জড়িত লাখো ভারতীয়র জীবিকা হুমকির মুখে পড়েছে। তবে ভারতের রপ্তানিনির্ভর শিল্প থেকে স্বনির্ভরতার আহ্বানকে ট্রাম্পের সিদ্ধান্তের বিরুদ্ধে মোদির পাল্টা জবাব হিসেবে বিবেচনা করছেন বিশ্লেষকরা। ভারতীয়দের প্রতি মোদির বার্তা খুব স্পষ্ট—দেশে পণ্য উৎপাদন করে দেশেই খরচ করুন।

ভারতীয় সংবাদমাধ্যমগুলো বলছে, দেশটির রুপির দরপতন, শেয়ারবাজারে অস্থিরতা এবং রপ্তানির সম্ভাব্য ২০ থেকে ৩০ শতাংশ ক্ষতির মুখে কেন্দ্রীয় সরকার এখন বহুমুখী কৌশল নিয়েছে, যার মধ্যে রয়েছে আন্তর্জাতিক আইনি লড়াই, ঘরোয়া করছাড়, রপ্তানিকারকদের জন্য প্রণোদনা এবং বিকল্প বাজার অন্বেষণ।

বণিক বার্তা

28 AUG 2025

### ২৫ বছর ধরে রফতানি বৈচিত্র্যকরণের উদ্যোগ সফল হয়নি

# ভূ-অর্থনৈতিক চাপের কারণ হয়ে উঠছে একটি পণ্যভিত্তিক রফতানি

## খাতভিত্তিক বিভিন্ন পণ্যের বার্ষিক গড় রফতানি ও অবদান

রফতানি পণ্যে ২৫ বছর ধরে বৈচিত্র্যকরণের উদ্যোগ সফল হয়নি। তাই দেশের রফতানি খাত ধীরে ধীরে তৈরি পোশাক খাতের ওপর নির্ভরশীল হয়ে পড়েছে। এ খাতের ওপর ভর করে দেশের রফতানি আয় বাড়লেও এর সঙ্গে গভীর হয়েছে অর্থনীতির ঝুঁকি। পাশাপাশি এ নির্ভরতা হয়ে উঠেছে ভূরাজনৈতিক চাপের অনুষঙ্গও

| | $ বার্ষিক গড় রফতানি (কোটি ডলার) | | % রফতানিতে খাতভিত্তিক অবদান (%) | |
|---|---|---|---|---|
| | ২০০০-০৫ | ২০১৮-২৩ | ২০০০-০৫ | ২০১৮-২৩ |
| তৈরি পোশাক* | ৫০২.৫ | ৩,৬৬২.৯ | ৭৫.২ | ৮৩ |
| চামড়া ও জুতা | ২৪.১ | ৪৯.৫ | ৩.৬ | ১.১ |
| প্রকৌশল | ২.২ | ৫০.৯ | ০.৩ | ১.২ |
| হিমায়িত খাদ্য | ৩৪.৫ | ৪৭.৮ | ৫.২ | ১.১ |
| কৃষিপণ্য | ৩.৩ | ৪৮.২ | ০.৫ | ১.১ |
| মোট রফতানি | ৬৬৮.১ | ৪,৪১২.২ | - | - |

*নিটওয়্যারসহ



সূত্র: অর্থনৈতিক সমীক্ষা, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ ব্যাংক ও ইপিবি

নিজস্ব প্রতিবেদক ■

পণ্যে বৈচিত্র্য আনার মাধ্যমে দেশের রফতানি আয় বাড়াতে দীর্ঘদিন ধরে নানা ধরনের উদ্যোগ নিয়েছে সরকার। কিন্তু বাস্তবে এসব উদ্যোগ তেমন কাজে আসেনি। বরং রফতানিতে হিমায়িত খাদ্য, পাট ও চামড়া খাতের অবদান ক্রমেই আরো হ্রাস পেয়েছে। এর বিপরীতে রফতানিতে তৈরি পোশাক খাতের আধিপত্য প্রবল হয়েছে। এ খাতের ওপর ভর করে দেশের রফতানি আয়ও অনেক বেড়েছে। যদিও একক খাতের ওপর রফতানি আয় কেন্দ্রীভূত হওয়ায় তা দেশের অর্থনীতিতে ঝুঁকি তৈরির পাশাপাশি হয়ে উঠেছে ভূ-অর্থনৈতিক চাপের অনুষঙ্গও। বিশেষ করে সাম্প্রতিক সময়ে ট্যারিফ ইস্যুতে যুক্তরাষ্ট্রের সঙ্গে দরকষাকষির সময় তৈরি পোশাক খাতনির্ভরতা ও ভূ-অর্থনৈতিক সমীকরণের মধ্যে সম্পর্কের বিষয়টি আরো স্পষ্ট হয়ে উঠেছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বাংলাদেশের পোশাক রফতানির প্রধান গন্তব্য ইউরোপীয় ইউনিয়ন ও যুক্তরাষ্ট্রের বাজার। ফলে বাজার নিয়ন্ত্রণকারী দেশগুলো রাজনৈতিক বা কূটনৈতিক বার্তা দেয়ার কৌশল হিসেবে এ নির্ভরতাকে ব্যবহার করতে পারে। বিশেষজ্ঞরা বলছেন, ২০১৩ সালের রানা প্লাজা ধসের পর থেকে শ্রম অধিকার ও কারখানার নিরাপত্তার বিষয়টি বিশেষভাবে আলোচনায় আসে। পশ্চিমা ক্রেতারা তখন বাংলাদেশকে শ্রমমান উন্নয়নে বিভিন্ন শর্ত দিয়েছিল। ইউরোপ ও যুক্তরাষ্ট্রের বাজারনির্ভর এ শিল্পকে ঘিরে বিভিন্ন সময়ে কূটনৈতিক চাপ, শ্রম অধিকার ও মানবাধিকারের অজুহাতে হস্তক্ষেপ এবং বৈশ্বিক শক্তিগুলোর প্রতিযোগিতা দিন দিন স্পষ্ট হচ্ছে।

বর্তমানে বাংলাদেশের তৈরি পোশাক খাতের জন্য বড় চ্যালেঞ্জ ইউরোপীয় ইউনিয়নের জিএসপি প্লাস সুবিধা এবং যুক্তরাষ্ট্রের বাজারে শুল্কমুক্ত প্রবেশাধিকার। এ সুবিধাগুলো পেতে শুধু অর্থনৈতিক নয়, রাজনৈতিক ও মানবাধিকারসংক্রান্ত শর্তও মানতে হয়। ফলে পোশাক শিল্পকে ঘিরে অনেক সময় দৃশ্যমান কিংবা অদৃশ্য কূটনৈতিক চাপ স্পষ্ট হয়ে ওঠে। অন্যদিকে চীন বাংলাদেশের পোশাক শিল্পে বড় বিনিয়োগকারী ও কাপড়-সুতা সরবরাহকারী। বিপরীতে পশ্চিমা দেশগুলো এ পোশাকের প্রধান ক্রেতা। এ বিপরীতমুখী সম্পর্কের কারণে বাংলাদেশকে চীন ও পশ্চিমা শক্তির মধ্যে সূক্ষ্ম ভারসাম্য রক্ষা করতে হচ্ছে।

বণিক বার্তা

28 AUG 2025

অর্থনীতিবিদদের মতে, স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের পর বাংলাদেশ আর আগের মতো শুল্ক সুবিধা পাবে না। তখন ভূ-অর্থনৈতিক চাপ আরো বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। এছাড়া জলবায়ু পরিবর্তন, সবুজ জ্বালানি ব্যবহার এবং টেকসই উৎপাদনকেও এখন ভূরাজনৈতিক শর্তের অংশ হিসেবে দেখা হচ্ছে।

খাতসংশ্লিষ্টরা বলছেন, অনেক দেশ এখন বোঝে যে বাংলাদেশের তৈরি পোশাক খাতকে যদি আঘাত করা হয় তাহলে অনেক কিছু আদায় করা সম্ভব। অর্থাৎ বাংলাদেশের পোশাক খাত এখন একটা ভূ-অর্থনৈতিক অস্ত্রে পরিণত হয়েছে। কেউ যদি বাংলাদেশকে আঘাত করতে চায়, পোশাক খাতকে আঘাত করে সেটি সম্ভব। কিছু পক্ষ মনে করে যে পোশাক খাতকে অস্থির রাখলেই বাংলাদেশের অর্থনীতি ভঙ্গুর হবে এবং তাদের দাবি আদায় করা সহজ হবে।

বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) সভাপতি মোহাম্মদ হাতেম বণিক বার্তাকে বলেন, 'আজকে ইউরোপীয় ইউনিয়ন এবং আইএলও আমাদের বাণিজ্য সুবিধাকে পুঁজি করে যেসব শর্ত পরিপালনে চাপ দিচ্ছে তা গ্রহণযোগ্য নয়। যেমন ২০ জন সদস্য হলেই ট্রেড ইউনিয়ন করা যাবে, এটা চরম আপত্তিকর। এসব শর্ত মোকাবেলা করে শিল্প আর এগিয়ে যেতে পারে না। ভারত বিভিন্ন সময়ে নানাভাবে চেষ্টা করেছে আমাদের এ মার্কেটকে দখলে নিতে। নানা রকম উদ্যোগও তারা নিয়েছে। অন্যদিকে বাংলাদেশে নীতিনির্ধারকরা এ খাতের সুবিধাগুলো প্রত্যাহার করে নিচ্ছেন। আদতে এসবের কারণে আমরা চাপে পড়ে যাচ্ছি।'

একটা সময় পর্যন্ত বাংলাদেশ শুধু পাট ও পাটজাত পণ্য রফতানি করত। মোট রফতানি আয়ের ৯৭ শতাংশই আসত এ খাত থেকে। এজন্য পাটকে 'সোনালি আঁশ' হিসেবেও অভিহিত করা হতো। তবে কালের পরিক্রমায় পাটের সে অবস্থান আর নেই। অনেক বছর হলো রফতানিতে পাটের জায়গা দখল করে নিয়েছে তৈরি পোশাক খাত। সত্তরের দশকে তৈরি পোশাক রফতানি শুরু হলেও এ খাতের বিকাশ হয়েছে এর পরের দশকগুলোয়। এ সময়ে রফতানিতে অন্যান্য খাতের অবদান কমার বিপরীতে পোশাক খাতের হিস্যা বেড়েছে।

গত দুই দশকে দেশের খাতভিত্তিক রফতানি আয়ের তথ্য পর্যালোচনায় দেখা যায়, ২০০০ থেকে ২০০৫ সময়কালে প্রতি বছর গড়ে ৫০২ কোটি ৫০ লাখ ডলারের তৈরি পোশাক রফতানি হয়েছে। এ সময় মোট রফতানিতে খাতটির অবদান ছিল ৭৫ দশমিক ২ শতাংশ। এর পরের দশকে ২০১৮ থেকে ২০২৩ সময়পর্বে পোশাক খাতের বার্ষিক গড় রফতানির পরিমাণ ছিল ৩ হাজার ৬৬২ কোটি ৯০ লাখ ডলার। এ সময়ে রফতানিতে খাতটির হিস্যা আরো বেড়ে ৮৩ শতাংশে দাঁড়ায়। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ওভেন ও নিট মিলিয়ে ৩ হাজার ৯৩৪ কোটি ৭০ লাখ ডলারের তৈরি পোশাক রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানির ৮১ দশমিক ৪৯ শতাংশ অবদান ছিল তৈরি পোশাক খাতের।

ডলারের হিসাবে রফতানির পরিমাণ বাড়লেও রফতানিতে গত দুই দশকে চামড়া ও জুতার অবদান কমে গেছে। ২০০০ থেকে ২০০৫ সময়কালে প্রতি বছর এ খাতে গড়ে ২৪ কোটি ১০ লাখ ডলারের পণ্য রফতানি হয়েছে। এ সময়ে রফতানিতে খাতটির অবদান ছিল ৩ দশমিক ৬ শতাংশ। তবে ২০১৮ থেকে ২০২৩ সময়ে রফতানিতে চামড়া ও জুতার অবদান কমে ১ দশমিক ১ শতাংশে দাঁড়ায়। এ সময়ে প্রতি বছর গড়ে রফতানি হয়েছে ৪৯ কোটি ৫০ লাখ ডলার। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ১১৪ কোটি ৫১ লাখ ডলারের চামড়া ও জুতা রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানিতে খাতটির অবদান কিছুটা বেড়ে হয়েছে ২ দশমিক ৩৭ শতাংশ।

রফতানি পরিস্থিতি ও একটি পণ্যে নির্ভরতার ঝুঁকি বিষয়ে জানতে চাইলে লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (এলএফএমইএবি) সহসভাপতি মোহাম্মদ নাজমুল হাসান বণিক বার্তাকে বলেন, 'ভূরাজনৈতিক চাপের শিকার না হতে চাইলে আমাদের যে দক্ষতাগুলো তৈরি হয়েছে এবং বেড়েছে সেটার দিকে মনোযোগ দিতে হবে। একটা খাত তৈরি করতে অনেক বিনিয়োগ, দক্ষ জনবল লাগে। এটা গত ৩০-৪০ বছরে হয়েছে। এজন্য একটি খাতে সবসময় প্রবৃদ্ধি থাকে। অন্যান্য খাতে সরকারের তেমন একটা মনোযোগ ছিল না। ঝুঁকি থাকাতে ব্যবসায়ীরাও সেই সব খাতে বিনিয়োগে যাননি। বৈচিত্র্য না আনতে পারা বা ভূরাজনৈতিক চাপ যদি থাকেও সেটা আমাদের নিজেদের ব্যর্থতা।'

রফতানিতে হিমায়িত খাদ্য একসময় দ্বিতীয় অবস্থানে ছিল। যদিও পরবর্তী সময়ে খাতটি এ অবস্থান আর ধরে রাখতে পারেনি। ২০০০ থেকে ২০০৫ সময়কালে প্রতি বছর গড়ে ৩৪ কোটি ৫০ লাখ ডলারের হিমায়িত খাদ্য রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানির ৫ দশমিক ২ শতাংশই ছিল খাতটির দখলে। ২০১৮ থেকে ২০২৩ সময়ে প্রতি বছর হিমায়িত খাদ্যের গড় রফতানির পরিমাণ বেড়ে ৪৭ কোটি ৮০ লাখ ডলারে দাঁড়ায়। তবে এ সময়ে রফতানিতে খাতটির হিস্যা কমে ১ দশমিক ১ শতাংশ হয়েছে। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ৪৪ কোটি ১৬ লাখ ডলারের হিমায়িত ও জীবন্ত মাছ রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানিতে খাতটির অবদান ছিল শূন্য দশমিক ৯১ শতাংশ।

প্রকৌশল পণ্যের রফতানির পরিমাণ ও হিস্যা গত দুই দশকে বাড়লেও মোট রফতানিতে এর পরিমাণ খুব বেশি নয়। ২০০০ থেকে ২০০৫ সময়ে বছরে গড়ে ২ কোটি ২০ লাখ ডলারের প্রকৌশল পণ্য রফতানি হতো। সে সময় মোট রফতানির শূন্য দশমিক ৩ শতাংশ ছিল এ খাতের। এর পরের দশকের ২০১৮ থেকে ২০২৩ সময়ে প্রকৌশল পণ্যের রফতানির পরিমাণ বেড়ে দাঁড়ায় ৫০ কোটি ৯০ লাখ ডলারে। এ সময় মোট রফতানির ১ দশমিক ২ শতাংশ খাতটির দখলে ছিল। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে প্রকৌশল খাতে ৫৩ কোটি ৫৬ লাখ ডলারের পণ্য রফতানি হয়েছে।

কৃষিপ্রধান দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশের রফতানি খাতে কৃষিপণ্য এখনো উল্লেখযোগ্য অবস্থান দখল করতে পারেনি। ২০০০ থেকে ২০০৫ সাল পর্যন্ত সময়ে প্রতি বছর গড়ে ৩ কোটি ৩০ লাখ ডলারের কৃষিপণ্য রফতানি হয়েছিল, যা ছিল সে সময়ের মোট রফতানির দশমিক ৫ শতাংশ। ২০১৮ থেকে ২০২৩ সাল পর্যন্ত সময়ে খাতটির বার্ষিক গড় রফতানি বেড়ে ৪৮ কোটি ২০ লাখ ডলারে দাঁড়ায়। এ সময়ে মোট রফতানিতে কৃষিপণ্যের হিস্যা ছিল ১ দশমিক ১ শতাংশ। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ১০০ কোটি ৬৯ লাখ ডলারের কৃষিপণ্য রফতানি হয়েছে, যা এ সময়ে অর্থবছরে মাত্র চারটি বাজার থেকেই মোট রফতানি আয়ের ৬৮ দশমিক ২৫ শতাংশ এসেছে। এর মধ্যে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে ২ হাজার ১৩৮ কোটি ৪২ লাখ ডলার বা ৪৪ দশমিক ২৯ শতাংশ, যুক্তরাষ্ট্র থেকে ৮৬৯ কোটি ২৪ লাখ ডলার বা ১৮ শতাংশ, কানাডা থেকে ১৪৬ কোটি ৩৭ লাখ ডলার বা ৩ দশমিক শূন্য ৩ শতাংশ এবং জাপান থেকে ১৪১ কোটি ১৬ লাখ ডলার বা ২ দশমিক ৯২ শতাংশ রফতানি আয় এসেছে।

একক দেশ হিসেবে বাংলাদেশের রফতানি পণ্যের সবচেয়ে বড় বাজার হচ্ছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশ থেকে গত অর্থবছরে যুক্তরাষ্ট্রে ৪৯৪ কোটি ৯৪ লাখ ডলারের ওভেন পোশাক, ২৫৯ কোটি ৬৪ লাখ ডলারের নিট পোশাক, ১৪ কোটি ৯৫ লাখ ডলারের হোম টেক্সটাইল, ২৫ কোটি ৮৭ লাখ ডলারের ক্যাপ ও ২ কোটি ৮ লাখ ডলারের ক্রাস্টেসিয়ানস রফতানি হয়েছে। এ সময়ে আমাদের মোট রফতানি হওয়া ওভেন পোশাকের ২৭ দশমিক ২১ শতাংশ, নিট পোশাকের ১২ দশমিক ২৭ শতাংশ এবং হোম টেক্সটাইলের ১৪ দশমিক ৯৯ শতাংশের গন্তব্য ছিল যুক্তরাষ্ট্র।

রফতানির ক্ষেত্রে তৈরি পোশাক খাতের ওপর অতিনির্ভরতা এবং একক দেশ হিসেবে যুক্তরাষ্ট্র বৃহৎ রফতানি গন্তব্য হওয়ার কারণে অন্য সবকিছু ছাপিয়ে তৈরি পোশাক খাত বাংলাদেশের জন্য ভূ-অর্থনৈতিক জটিল সমীকরণের অংশ হয়ে উঠেছে। রেমিট্যান্স ও রফতানি হচ্ছে বাংলাদেশের বৈদেশিক আয়ের প্রধান উৎস। এর মধ্যে তৈরি পোশাক খাত শুধু বৈদেশিক মুদ্রাই আয় করছে না, বরং স্থানীয় কর্মসংস্থানেরও বড় উৎস হয়ে উঠেছে। ফলে এ খাতের ওপর কোনো আঘাত এলে সেটি দেশের অর্থনীতি তথা রাষ্ট্রীয় নিরাপত্তাকেও ঝুঁকির মধ্যে ফেলে দেয়। বর্তমান জটিল ভূরাজনৈতিক পরিস্থিতিতে বৈশ্বিক শক্তিগুলোও বাংলাদেশের এ দুর্বলতা সম্পর্কে অবগত। ফলে বিভিন্ন সময়ে নিজেদের স্বার্থ আদায়ের জন্য যুক্তরাষ্ট্র ও ইইউ বাংলাদেশের তৈরি পোশাক খাতের শ্রমিক স্বার্থের ইস্যু নিয়ে সরব থেকেছে। সম্প্রতি বাংলাদেশের রফতানি পণ্যের ওপর বড় অংকের শুল্ক আরোপের হুমকি দিয়ে সয়াবিন বীজ, ভুট্টা, গম, এলপিজি আমদানি করাসহ বোয়িংয়ের কাছ থেকে নতুন ২৫টি উড়োজাহাজ কেনার প্রতিশ্রুতি আদায় করে নিয়েছে যুক্তরাষ্ট্র। এরপর বাংলাদেশের রফতানি পণ্যের ওপর ঘোষিত শুল্কের পরিমাণ ৩৫ থেকে কমিয়ে ২০ শতাংশ নির্ধারণ করে যুক্তরাষ্ট্র। ফলে প্রতিযোগী দেশগুলোর সঙ্গে বাংলাদেশ কম-বেশি সুবিধাজনক অবস্থান ধরে রাখতে পেরেছে।

বৈষম্যহীন টেকসই উন্নয়নের লক্ষ্যে অর্থনৈতিক কৌশল পুনর্নির্ধারণ ও প্রয়োজনীয় সম্পদ আহরণে গত বছরের সেপ্টেম্বরে ১২ সদস্যবিশিষ্ট একটি টাস্কফোর্স গঠন করে অন্তর্বর্তী সরকার। অর্থনীতিবিদ ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক মহাপরিচালক ড. কেএএস মুরশিদকে এ টাস্কফোর্সের প্রধান করা হয়। টাস্কফোর্সের প্রতিবেদনে গত দুই দশকে দেশের খাতভিত্তিক পণ্য রফতানির তুলনামূলক পর্যালোচনার পাশাপাশি রফতানি বৈচিত্র্যকরণের বিষয়ে বেশকিছু সুপারিশ তুলে ধরা হয়। এক্ষেত্রে আরো বেশি মূল্য সংযোজন ও নতুন উপাদান ব্যবহারের মাধ্যমে তৈরি পোশাক খাতের পণ্যে ভিন্নতা আনা, তৈরি পোশাকবহির্ভূত শ্রমঘন খাতের উৎপাদন ও রফতানি বৃদ্ধি এবং জটিল ও দক্ষতাভিত্তিক পণ্য ও সেবার উৎপাদন বাড়ানোর সুপারিশ করেছে টাস্কফোর্স।

অর্থনীতিবিদ ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক মহাপরিচালক ড. কেএএস মুরশিদ বণিক বার্তাকে বলেন, 'রফতানি বাজারে পোশাককেন্দ্রিক সাফল্যের একটা অন্তর্নিহিত ঝুঁকি সবসময় থেকেই গেছে। এ কনসেনট্রেশন নিয়ে অনেক কথা হয়েছে, কিন্তু ভূরাজনৈতিক ঝুঁকি নিয়ে কখনো কথা হয়নি। আমাদের আসলে মাথায় রাখা দরকার ছিল যে কোনো এক দেশের ওপর, বিশেষ করে কোনো পরাশক্তির ওপর এতটা নির্ভরশীল হওয়াটা ঠিক না। অর্থনীতিশাস্ত্রে বাজারকে এভাবে জিওপলিটিক্যালি কন্ট্রোল করার উদাহরণ অনেক আছে, কিন্তু শাস্ত্রমতে এটা ঠিক না। যদি আমরা মুক্তবাজার অর্থনীতিতে বিশ্বাস করি, তাহলে এ নিয়ন্ত্রণ সেটার উল্টো বা বিপরীত। কিন্তু পশ্চিম দেশগুলো, যেমন আমেরিকা ও ইউরোপ, বিশেষ করে আমেরিকা তারা তাদের বাজারটাকে একটি পলিসি টুল হিসেবে সবসময় ব্যবহার করেছে। তাই আমাদের কোনো দেশের ওপরই নির্ভরশীল হওয়াটা ঝুঁকিপূর্ণ। এখানে আমাদের দুই ধরনের কনসেনট্রেশন আছে: একটি হলো ইন্ডাস্ট্রি কনসেনট্রেশন এবং অন্যটি হলো কান্ট্রি স্পেসিফিক কনসেনট্রেশন। কাজেই আমাদের ঝুঁকিটা দ্বিগুণ হয়ে গেল। দুটো বিষয়কে বিবেচনায় নিয়ে এ অবস্থা থেকে বের হতে হবে।'

যুক্তরাষ্ট্রের আরোপ করা শুল্কের হার ২০ শতাংশ হওয়াকে অনেকটা 'সৌভাগ্য' হিসেবে উল্লেখ করে ড. কেএএস মুরশিদ আরো বলেন, 'যদি ভারতের মতো ৫০ শতাংশ শুল্ক আরোপ হতো তাহলে পুরো দেশের ওপর নেতিবাচক প্রভাব পড়ত। এখান থেকে অবশ্যই শিক্ষা গ্রহণ করতে হবে। বেসরকারি খাতেরও বোঝা উচিত ছিল, একটা শিল্পের ওপর নির্ভরতার দীর্ঘমেয়াদি প্রভাব কী হতে পারে। শুধু স্বল্পমেয়াদি ভাবনা, তাৎক্ষণিকভাবে যা পেলাম তাই লাভ, তারপর পালিয়ে যাওয়ার মানসিকতা—এটাই বোধ হয় সমস্যা। আমরা রাজনৈতিকভাবে একটা দেশের ওপর নির্ভর করেছি, বাণিজ্যিকভাবে আরেকটা দেশের ওপর এবং শিল্পগতভাবে একটি আইটেমের ওপর নির্ভর করেছি। এটা এক ধরনের ফুলিশ পলিসি ছিল। আমাদের দ্রুত এখান থেকে সরে আসতে হবে।'

এ পরিস্থিতি ভূ-অর্থনৈতিক হাতিয়ারে পরিণত হলেও তা সচেতনভাবে হয়নি বলে দাবি করেছেন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রফতানিকারক সমিতির (বিজিএমইএ) সভাপতি মাহমুদ হাসান খান। বণিক বার্তাকে তিনি বলেন, 'যদি এটা হয়েও থাকে অবচেতনভাবে হয়েছে, উদ্দেশ্যপ্রণোদিতভাবে নয়। সমস্যা হলো রফতানি পণ্য ডাইভার্সিফাই করতে হলে অন্য যে সেক্টরগুলো আছে সেগুলোকে দাঁড়াতে হবে। কিন্তু পরিস্থিতি এমন ছিল না। আগে পাট ছিল, এরপর লেদার সেক্টর এসে এক পা এগিয়ে আবার দুই পা পিছিয়েছে। এখন কেউ যদি বড় হতে না পারে তার দেখাদেখি অন্যরা ছোট হয়ে বসে থাকার তো কোনো সুযোগ নেই।'

তবে এ পরিস্থিতিকে ভূরাজনৈতিক হাতিয়ার হতে দেয়া যাবে না মন্তব্য করে মাহমুদ হাসান খান আরো বলেন, 'এটা ঠিক যে যুদ্ধ বা দরকষাকষি অনেক শক্তিশালী হতে পারত যদি আমাদের এক্সপোর্ট বাস্কেট আরো বৈচিত্র্যপূর্ণ হতো। তাহলে আমরা অনেক শক্তভাবে লড়তে পারতাম, যেমনটা ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, মালয়েশিয়া

তৈরি পোশাক রফতানি হয়েছে। এ সময় মোট রফতানিতে খাতটির অবদান ছিল ৭৫ দশমিক ২ শতাংশ। এর পরের দশকে ২০১৮ থেকে ২০২৩ সময়পর্বে পোশাক খাতের বার্ষিক গড় রফতানির পরিমাণ ছিল ৩ হাজার ৬৬২ কোটি ৯০ লাখ ডলার। এ সময়ে রফতানিতে খাতটির হিস্যা আরো বেড়ে ৮৩ শতাংশে দাঁড়ায়। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ওভেন ও নিট মিলিয়ে ৩ হাজার ৯৩৪ কোটি ৭০ লাখ ডলারের তৈরি পোশাক রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানির ৮১ দশমিক ৪৯ শতাংশ অবদান ছিল তৈরি পোশাক খাতের।

ডলারের হিসাবে রফতানির পরিমাণ বাড়লেও রফতানিতে গত দুই দশকে চামড়া ও জুতার অবদান কমে গেছে। ২০০০ থেকে ২০০৫ সময়কালে প্রতি বছর এ খাতে গড়ে ২৪ কোটি ১০ লাখ ডলারের পণ্য রফতানি হয়েছে। এ সময়ে রফতানিতে খাতটির অবদান ছিল ৩ দশমিক ৬ শতাংশ। তবে ২০১৮ থেকে ২০২৩ সময়ে রফতানিতে চামড়া ও জুতার অবদান কমে ১ দশমিক ১ শতাংশে দাঁড়ায়। এ সময়ে প্রতি বছর গড়ে রফতানি হয়েছে ৪৯ কোটি ৫০ লাখ ডলার। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ১১৪ কোটি ৫১ লাখ ডলারের চামড়া ও জুতা রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানিতে খাতটির অবদান কিছুটা বেড়ে হয়েছে ২ দশমিক ৩৭ শতাংশ।

রফতানি পরিস্থিতি ও একটি পণ্যে নির্ভরতার ঝুঁকি বিষয়ে জানতে চাইলে লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (এলএফএমইএবি) সহসভাপতি মোহাম্মদ নাজমুল হাসান বণিক বার্তাকে বলেন, 'ভূরাজনৈতিক চাপের শিকার না হতে চাইলে আমাদের যে দক্ষতাগুলো তৈরি হয়েছে এবং বেড়েছে সেটার দিকে মনোযোগ দিতে হবে। একটা খাত তৈরি করতে অনেক বিনিয়োগ, দক্ষ জনবল লাগে। এটা গত ৩০-৪০ বছরে হয়েছে। এজন্য একটি খাতে সবসময় প্রবৃদ্ধি থাকে। অন্যান্য খাতে সরকারের তেমন একটা মনোযোগ ছিল না। ঝুঁকি থাকাতে ব্যবসায়ীরাও সেই সব খাতে বিনিয়োগে যাননি। বৈচিত্র্য না আনতে পারা বা ভূরাজনৈতিক চাপ যদি থাকেও সেটা আমাদের নিজেদের ব্যর্থতা।'

রফতানিতে হিমায়িত খাদ্য একসময় দ্বিতীয় অবস্থানে ছিল। যদিও পরবর্তী সময়ে খাতটি এ অবস্থান আর ধরে রাখতে পারেনি। ২০০০ থেকে ২০০৫ সময়কালে প্রতি বছর গড়ে ৩৪ কোটি ৫০ লাখ ডলারের হিমায়িত খাদ্য রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানির ৫ দশমিক ২ শতাংশই ছিল খাতটির দখলে। ২০১৮ থেকে ২০২৩ সময়ে প্রতি বছর হিমায়িত খাদ্যের গড় রফতানির পরিমাণ বেড়ে ৪৭ কোটি ৮০ লাখ ডলারে দাঁড়ায়। তবে এ সময়ে রফতানিতে খাতটির হিস্যা কমে ১ দশমিক ১ শতাংশ হয়েছে। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ৪৪ কোটি ১৬ লাখ ডলারের হিমায়িত ও জীবন্ত মাছ রফতানি হয়েছে। এ সময়ে মোট রফতানিতে খাতটির অবদান ছিল শূন্য দশমিক ৯১ শতাংশ।

প্রকৌশল পণ্যের রফতানির পরিমাণ ও হিস্যা গত দুই দশকে বাড়লেও মোট রফতানিতে এর পরিমাণ খুব বেশি নয়। ২০০০ থেকে ২০০৫ সময়ে বছরে গড়ে ২ কোটি ২০ লাখ ডলারের প্রকৌশল পণ্য রফতানি হতো। সে সময় মোট রফতানির শূন্য দশমিক ৩ শতাংশ ছিল এ খাতের। এর পরের দশকের ২০১৮ থেকে ২০২৩ সময়ে প্রকৌশল পণ্যের রফতানির পরিমাণ বেড়ে দাঁড়ায় ৫০ কোটি ৯০ লাখ ডলারে। এ সময় মোট রফতানির ১ দশমিক ২ শতাংশ খাতটির দখলে ছিল। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে প্রকৌশল খাতে ৫৩ কোটি ৫৬ লাখ ডলারের পণ্য রফতানি হয়েছে।

কৃষিপ্রধান দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশের রফতানি খাতে কৃষিপণ্য এখনো উল্লেখযোগ্য অবস্থান দখল করতে পারেনি। ২০০০ থেকে ২০০৫ সাল পর্যন্ত সময়ে প্রতি বছর গড়ে ৩ কোটি ৩০ লাখ ডলারের কৃষিপণ্য রফতানি হয়েছিল, যা ছিল সে সময়ের মোট রফতানির দশমিক ৫ শতাংশ। ২০১৮ থেকে ২০২৩ সাল পর্যন্ত সময়ে খাতটির বার্ষিক গড় রফতানি বেড়ে ৪৮ কোটি ২০ লাখ ডলারে দাঁড়ায়। এ সময়ে মোট রফতানিতে কৃষিপণ্যের হিস্যা ছিল ১ দশমিক ১ শতাংশ। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে ১০০ কোটি ৬৯ লাখ ডলারের কৃষিপণ্য রফতানি হয়েছে, যা এ সময়ে মোট রফতানির ২ দশমিক শূন্য ৯ শতাংশ।

বাংলাদেশের রফতানি পণ্যের প্রধান প্রধান বাজার বিশ্লেষণে দেখা যায়, ২০২৪-২৫

বেশি সুবিধাজনক অবস্থান ধরে রাখতে পেরেছে।

বৈষম্যহীন টেকসই উন্নয়নের লক্ষ্যে অর্থনৈতিক কৌশল পুনর্নির্ধারণ ও প্রয়োজনীয় সম্পদ আহরণে গত বছরের সেপ্টেম্বরে ১২ সদস্যবিশিষ্ট একটি টাস্কফোর্স গঠন করে অন্তর্বর্তী সরকার। অর্থনীতিবিদ ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক মহাপরিচালক ড. কেএএস মুরশিদকে এ টাস্কফোর্সের প্রধান করা হয়। টাস্কফোর্সের প্রতিবেদনে গত দুই দশকে দেশের খাতভিত্তিক পণ্য রফতানির তুলনামূলক পর্যালোচনার পাশাপাশি রফতানি বৈচিত্র্যকরণের বিষয়ে বেশকিছু সুপারিশ তুলে ধরা হয়। এক্ষেত্রে আরো বেশি মূল্য সংযোজন ও নতুন উপাদান ব্যবহারের মাধ্যমে তৈরি পোশাক খাতের পণ্যে ভিন্নতা আনা, তৈরি পোশাকবহির্ভূত শ্রমঘন খাতের উৎপাদন ও রফতানি বৃদ্ধি এবং জটিল ও দক্ষতাভিত্তিক পণ্য ও সেবার উৎপাদন বাড়ানোর সুপারিশ করেছে টাস্কফোর্স।

অর্থনীতিবিদ ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) সাবেক মহাপরিচালক ড. কেএএস মুরশিদ বণিক বার্তাকে বলেন, 'রফতানি বাজারে পোশাককেন্দ্রিক সাফল্যের একটা অন্তর্নিহিত ঝুঁকি সবসময় থেকেই গেছে। এ কনসেনট্রেশন নিয়ে অনেক কথা হয়েছে, কিন্তু ভূরাজনৈতিক ঝুঁকি নিয়ে কখনো কথা হয়নি। আমাদের আসলে মাথায় রাখা দরকার ছিল যে কোনো এক দেশের ওপর, বিশেষ করে কোনো পরাশক্তির ওপর এতটা নির্ভরশীল হওয়াটা ঠিক না। অর্থনীতিশাস্ত্রে বাজারকে এভাবে জিওপলিটিক্যালি কন্ট্রোল করার উদাহরণ অনেক আছে, কিন্তু শাস্ত্রমতে এটা ঠিক না। যদি আমরা মুক্তবাজার অর্থনীতিতে বিশ্বাস করি, তাহলে এ নিয়ন্ত্রণ সেটার উল্টো বা বিপরীত। কিন্তু পশ্চিম দেশগুলো, যেমন আমেরিকা ও ইউরোপ, বিশেষ করে আমেরিকা তারা তাদের বাজারটাকে একটি পলিসি টুল হিসেবে সবসময় ব্যবহার করেছে। তাই আমাদের কোনো দেশের ওপরই নির্ভরশীল হওয়াটা ঝুঁকিপূর্ণ। এখানে আমাদের দুই ধরনের কনসেনট্রেশন আছে: একটি হলো ইন্ডাস্ট্রি কনসেনট্রেশন এবং অন্যটি হলো কান্ট্রি স্পেসিফিক কনসেনট্রেশন। কাজেই আমাদের ঝুঁকিটা দ্বিগুণ হয়ে গেল। দুটো বিষয়কে বিবেচনায় নিয়ে এ অবস্থা থেকে বের হতে হবে।'

যুক্তরাষ্ট্রের আরোপ করা শুল্কের হার ২০ শতাংশ হওয়াকে অনেকটা 'সৌভাগ্য' হিসেবে উল্লেখ করে ড. কেএএস মুরশিদ আরো বলেন, 'যদি ভারতের মতো ৫০ শতাংশ শুল্ক আরোপ হতো তাহলে পুরো দেশের ওপর নেতিবাচক প্রভাব পড়ত। এখান থেকে অবশ্যই শিক্ষা গ্রহণ করতে হবে। বেসরকারি খাতেরও বোঝা উচিত ছিল, একটা শিল্পের ওপর নির্ভরতার দীর্ঘমেয়াদি প্রভাব কী হতে পারে। শুধু স্বল্পমেয়াদি ভাবনা, তাৎক্ষণিকভাবে যা পেলাম তাই লাভ, তারপর পালিয়ে যাওয়ার মানসিকতা—এটাই বোধ হয় সমস্যা। আমরা রাজনৈতিকভাবে একটা দেশের ওপর নির্ভর করেছি, বাণিজ্যিকভাবে আরেকটা দেশের ওপর এবং শিল্পগতভাবে একটি আইটেমের ওপর নির্ভর করেছি। এটা এক ধরনের ফুলিশ পলিসি ছিল। আমাদের দ্রুত এখান থেকে সরে আসতে হবে।'

এ পরিস্থিতি ভূ-অর্থনৈতিক হাতিয়ারে পরিণত হলেও তা সচেতনভাবে হয়নি বলে দাবি করেছেন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রফতানিকারক সমিতির (বিজিএমইএ) সভাপতি মাহমুদ হাসান খান। বণিক বার্তাকে তিনি বলেন, 'যদি এটা হয়েও থাকে অবচেতনভাবে হয়েছে, উদ্দেশ্যপ্রণোদিতভাবে নয়। সমস্যা হলো রফতানি পণ্য ডাইভার্সিফাই করতে হলে অন্য যে সেক্টরগুলো আছে সেগুলোকে দাঁড়াতে হবে। কিন্তু পরিস্থিতি এমন ছিল না। আগে পাট ছিল, এরপর লেদার সেক্টর এসে এক পা এগিয়ে আবার দুই পা পিছিয়েছে। এখন কেউ যদি বড় হতে না পারে তার দেখাদেখি অন্যরা ছোট হয়ে বসে থাকার তো কোনো সুযোগ নেই।'

তবে এ পরিস্থিতিকে ভূরাজনৈতিক হাতিয়ার হতে দেয়া যাবে না মন্তব্য করে মাহমুদ হাসান খান আরো বলেন, 'এটা ঠিক যে যুদ্ধ বা দরকষাকষি অনেক শক্তিশালী হতে পারত যদি আমাদের এক্সপোর্ট বাস্কেট আরো বৈচিত্র্যপূর্ণ হতো। তাহলে আমরা অনেক শক্তভাবে লড়তে পারতাম, যেমনটা ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, মালয়েশিয়া বা ভারত পেরেছে। আমাদের অবশ্যই ডাইভার্সিফিকেশনে যেতে হবে, নইলে ভবিষ্যৎ আরো ঝুঁকিপূর্ণ হয়ে উঠবে।'

রপ্তানি উন্নয়ন ব্যুরো
ঢাকা।

প্রথম আলো

2 8 AUG 2025



বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ) আয়োজিত 'অর্থনীতিতে প্লাস্টিক খাতের অবদান' শীর্ষক আলোচনা সভায় অতিথি ও আলোচকেরা। গতকাল ঢাকার একটি হোটেলে। ছবি : প্রথম আলো

# প্লাস্টিকে চীনা ডাম্পিংয়ের ভয়

## সেমিনারে বাণিজ্যসচিব

ব্যবসায়ীরা বলেন, এলডিসি থেকে উত্তরণের পর প্লাস্টিকসহ অন্যান্য স্থানীয় শিল্পে সুরক্ষা দিতে হবে। নয়তো ব্যবসায় টিকে থাকা যাবে না।

- ভারত গত মাসে চীনা প্লাস্টিক পণ্যে ১০০-৩০০ ডলার পর্যন্ত অ্যান্টিডাম্পিং শুল্কারোপ করে।
- একই ধরনের পদক্ষেপ দাবি করছেন বাংলাদেশের ব্যবসায়ীরা।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

চীন বাংলাদেশের প্লাস্টিক খাতে ডাম্পিং করে থাকলে অবশ্যই অ্যান্টিডাম্পিং শুল্ক আরোপ করা হবে বলে মন্তব্য করেছেন বাণিজ্যসচিব মাহবুবুর রহমান। বাংলাদেশের বাণিজ্যসচিব বলেন, 'চীনের ওপর যতই নির্ভরতা থাকুক, যদি সে দেশ এমনটা করে থাকে তাহলে আমরা অবশ্যই অ্যান্টিডাম্পিং শুল্ক আরোপ করব।' এ সময় তিনি দেশের ব্যবসায়ীদের চীনের ডাম্পিং করার বিষয়ে কোনো প্রমাণ থাকলে তা উপস্থাপন করার আহ্বান জানান।

গতকাল বুধবার ঢাকার একটি হোটেলে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন বাণিজ্যসচিব। সভায় ব্যবসায়ীরা প্লাস্টিক খাতে চীন ডাম্পিং করছে বলে অভিযোগ করেন।

যখন কোনো কোম্পানি তার নিজস্ব বাজারে যে দামে পণ্য বিক্রি করে তার চেয়ে কম দামে অন্য দেশে সেই পণ্য বিক্রি করে তখন সেটাকে 'ডাম্পিং' বলা হয়। বাজার ধরার জন্য এটি করা হয়ে থাকে। দেশীয় শিল্পকে বিদেশের এ রকম অন্যায্য প্রতিযোগিতার হাত থেকে রক্ষা করার জন্য পাল্টা পদক্ষেপ হিসেবে অতিরিক্ত শুল্ক আরোপ করা হয়, যেটাকে বলা হয় অ্যান্টিডাম্পিং।

'অর্থনীতিতে প্লাস্টিক খাতের অবদান' শীর্ষক এ সভার আয়োজন করে বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ)। সংগঠনটির সভাপতি শামীম আহমেদ অনুষ্ঠান সঞ্চালনা করেন। এতে প্লাস্টিক খাতের বিভিন্ন ব্যবসায়ী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বাণিজ্যসচিব মাহবুবুর রহমান বলেন, 'প্লাস্টিক খাতে চীনের ডাম্পিংয়ের কারণে আপনারা যদি ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন, সেই তথ্যপ্রমাণ আমাদের কাছে উপস্থাপন করুন। সঠিক তথ্যপ্রমাণ থাকলে আমরা পাল্টা ব্যবস্থা নিতে পারব। এর আগে সুতার ক্ষেত্রে আমরা শুনেছি, এখন প্লাস্টিকের ক্ষেত্রে শুনলাম, আমরা আপনাদের পাশে আছি।'

বাণিজ্যসচিব বলেন, 'আমরা হয়তো প্লাস্টিক খাতে নগদ সহায়তা দিতে পারব না। শুল্ক সহায়তাও বেশি দিন দেওয়া যাবে না। তবে বিকল্প কী ধরনের সুযোগ-সুবিধা দেওয়া যায়, সে বিষয়ে আমরা ভাবছি। নতুন প্রশিক্ষণকেন্দ্র স্থাপন বা ডিজাইনে উন্নতির জন্য আমরা সহায়তা করতে পারব। আপনারাও এ ক্ষেত্রে প্রশিক্ষণকেন্দ্র করতে চাইলে আমরা ও উন্নয়ন সহযোগীরা আপনাদের পাশে থাকব।'

মেঘনা গ্রুপের মহাব্যবস্থাপক মনিরুল ইসলাম বলেন, 'ভারতে পিভিসি ও পিইটি প্লাস্টিক ডাম্পিং করত চীন। তা প্রতিরোধে ভারত গত মাসে প্লাস্টিক পণ্যে ১০০-৩০০ ডলার পর্যন্ত অ্যান্টিডাম্পিং শুল্কারোপ করেছে। তাই চীন সেখানে আর রপ্তানি করতে পারছে না। এখন তারা বাংলাদেশে ডাম্পিং করছে। তাই আমাদের সহযোগিতা করা না হলে আমরা সামনে এগোতে পারব না।'

মেঘনা গ্রুপের উপদেষ্টা শফিউর রহমান বলেন, 'আমরা পিভিসি পাইপের জন্য ৪০০ কোটি টাকা বিনিয়োগ করেছি। বিপুল এই বিনিয়োগের পর আমরা এখন ব্যবসা নিয়ে চাপে আছি। তাই সরকারের কাছে নগদ সহায়তা চেয়েছি।'

স্বাগত বক্তব্যে বিপিজিএমইএর সভাপতি শামীম আহমেদ বলেন, 'প্লাস্টিক এখন অত্যাবশ্যকীয় পণ্য হিসেবে পরিণত হয়েছে। একটা পাউরুটি আগে এক দিনে নষ্ট হয়ে যেত। এখন প্লাস্টিক প্যাকেজিংয়ের কারণে পাঁচ দিন পর্যন্ত ঠিক থাকছে। তাই প্লাস্টিক প্যাকেজিং ছাড়া খাদ্যনিরাপত্তা নিশ্চিত করা যাবে না। এ খাতের সঙ্গে প্রায় ৩০টি উপখাত জড়িত রয়েছে। ফলে প্লাস্টিকশিল্পের ৫০ থেকে ৬০ হাজার কোটি টাকার বাজার তৈরি হয়েছে।'

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পিডব্লিউসি বাংলাদেশের কান্ট্রি ম্যানেজিং পার্টনার শামস জামান। তিনি বলেন, এ খাতে প্রায় ১৫ লাখ মানুষ যুক্ত রয়েছেন। আগামী ২০৩০ সালের মধ্যে এ খাতে প্রায় ছয় বিলিয়ন ডলারের পণ্য রপ্তানির সম্ভাবনা রয়েছে। তবে দেশে এখন পিভিসি পাইপের আমদানি বাড়ছে।

প্রথম আলো

28 AUG 2025

# আরব আমিরাতে ব্যবসা সরাচ্ছেন ভারতীয়রা

## ট্রাম্পের শুল্ক এড়ানোর কৌশল

যুক্তরাষ্ট্র ভারতীয় পণ্যে প্রথমে ২৫% পাল্টা শুল্ক আরোপ করে। এরপর রাশিয়ার তেল কেনার কারণে আরও ২৫ % শাস্তিমূলক শুল্ক আরোপ করে।

- ২০১৮ সালে ট্রাম্প ২৫% শুল্ক আরোপ করলে চীনা উৎপাদকেরা বিকল্প হিসেবে ভিয়েতনামে যান।
- ভারতীয় ব্যবসায়ীরা আরব আমিরাতে কারখানা সরালে মাত্র ১০% শুল্ক দিতে হবে, ৫০% নয়।

অর্থ-বাণিজ্য ডেস্ক

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাঁর দেশে ভারতীয় পণ্য আমদানিতে ২৫ শতাংশ পাল্টা শুল্ক ঘোষণা করার পরপরই ভারতের ব্যবসায়ীরা নড়েচড়ে বসতে শুরু করেন। এরপর রাশিয়ার তেল কেনার জন্য ভারতের ওপর আরও ২৫ শতাংশ শাস্তিমূলক শুল্ক আরোপ করে যুক্তরাষ্ট্র, যা গতকাল বুধবার থেকে কার্যকর হয়েছে। ফলে ভারতের ব্যবসায়ীরা আরও তৎপর হয়ে উঠেছেন।

ব্যবসা স্থাপন ও সহায়তাসংক্রান্ত পরামর্শক সংস্থাগুলো বলছে, ট্রাম্পের পাল্টা শুল্ক ঘোষণার পর ভারতের ব্যবসায়ীদের পরামর্শ নেওয়ার হার উল্লেখযোগ্য হারে বেড়ে গেছে। খবর গালফ নিউজের

সংযুক্ত আরব আমিরাতভিত্তিক (ইউএই) একটি খাদ্য প্রক্রিয়াকরণ ইউনিটের প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) মতে, ট্রাম্প যখন ২৫ শতাংশ পাল্টা শুল্ক আরোপের কথা বলেছিলেন, তখন অনেকেই ভেবেছিলেন, এটা তাঁর কৌশল। কিন্তু দ্বিতীয় ধাপে ২৫ শতাংশ শুল্ক আসার পরই তাঁরা মনে করতে শুরু করেন যে যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যে চুক্তি হবে না। সে জন্য যুক্তরাষ্ট্রের বাজারে পণ্য রপ্তানিকারক অনেক ভারতীয় ব্যবসায়ী এখন নিজ দেশ থেকে কারখানা সরাতে চান। তাঁরা সংযুক্ত আরব আমিরাতে যৌথ উদ্যোগ বা বিনিয়োগের কথা ভাবছেন।

একই ধরনের আলোচনা শোনা যাচ্ছে আরব আমিরাতের গয়নাশিল্পেও। বেশ কয়েকটি ভারতীয় প্রতিষ্ঠান এখন আরব আমিরাতে গয়নার ডিজাইন ও উৎপাদনকেন্দ্র স্থাপন করতে চাইছে। ভারত থেকে সরাসরি রপ্তানি করলে যে ৫০ শতাংশ শুল্ক দিতে হবে, তা এড়াতে এই উদ্যোগ। ৫০ শতাংশ শুল্ক স্থায়ী হলে ভারতের গয়না রপ্তানিকারকেরা বড় ধাক্কা খাবেন। তাতে যুক্তরাষ্ট্রে পণ্য পৌঁছানোর খরচ এত বাড়বে যে তাঁরা মার্কিন বাজারে প্রতিযোগিতা করতে পারবেন না।

দুবাইভিত্তিক গয়না ব্যবসায়ী আনাইল ধানক সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন। তিনি বলেন, মার্কিন শুল্ক সম্পর্কে ধৈর্য ধরতে হবে। দেখা গেছে, ট্রাম্প ক্ষণে ক্ষণে সিদ্ধান্ত পাল্টান। ফলে আগামী এক মাসে শুল্কহারে পরিবর্তন আসবে কি না, তা এখন দেখার অপেক্ষা।

আনাইল ধানক আরও বলেন, 'আমরা যৌথ উদ্যোগের দিকে তাকাচ্ছি না। বিষয়টি স্পষ্ট হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে। বর্তমানে স্বর্ণের দাম অনেক বেশি, খরচ মেটাতে আমাদের কষ্ট হচ্ছে, নতুন কোনো অঙ্গীকার চাই না।'

ট্রাম্প প্রশাসন সব ভারতীয় পণ্যে উচ্চ শুল্ক আরোপ করেনি। ভারতের ওষুধ ও প্রযুক্তিপণ্য শুল্কের আওতার বাইরে। যেমন অ্যাপল যদি ভারত থেকে আইফোন রপ্তানি করে যুক্তরাষ্ট্রে পাঠায়, তাতে শুল্ক দিতে হবে না।

### আরব আমিরাতের শুল্ক কত

ভারতীয় গয়না ব্যবসায়ীরা মার্কিন বাজারের জন্য উৎপাদন আরব আমিরাতে সরিয়ে নিলে রপ্তানি শুল্ক হবে মাত্র ১০ শতাংশ, ৫০ শতাংশ নয়। এর শর্ত হলো, উৎপাদন ও মূল্য সংযোজন সে দেশেই হতে হবে, ভারতে নয়। বারজিল জিওজিৎ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সিইও কৃষ্ণন রামচন্দ্রন এ কথা বলেন।

পরামর্শক সংস্থা সোভারিন গ্রুপের জ্যেষ্ঠ ব্যবসা উন্নয়ন ব্যবস্থাপক অক্সানা সুখার বলেন, ভারতীয় প্রতিষ্ঠানগুলো আরব আমিরাতে ব্যবসা সরিয়ে নেওয়ার বিষয়ে সব সময় আগ্রহী।

অক্সানা সুখার আরও বলেন, যুক্তরাষ্ট্রে রপ্তানি করা ভারতীয় কোম্পানিগুলো এখন পুনর্বিবেচনা করছে, কোথায় উৎপাদন ও রপ্তানি করা সবচেয়ে লাভজনক, বিশেষ করে যদি তাদের মূল বাজার যুক্তরাষ্ট্র হয়। সে ক্ষেত্রে আরব আমিরাত শক্তিশালী বিকল্প কেন্দ্র।

এদিকে আরব আমিরাতে ভারতের কিছু ব্যবসা আগে থেকেই আছে, বিশেষ করে বস্ত্র ও পোশাক, ধাতু ও যান্ত্রিক পণ্য, রসায়ন, ওষুধ ও আইটি সেবা খাত উল্লেখযোগ্য। এমসিএ গালফের ব্যবস্থাপনা অংশীদার ভেঙ্কটেশ সান্তনাম এ কথা বলেন।

ভেঙ্কটেশ বলেন, এরা ইতিমধ্যেই এমন অবস্থানে আছে, যেখানে তাদের পক্ষে নতুন নীতি ও শুল্কের সুবিধা নেওয়া সম্ভব হবে।

### ভিয়েতনামে গিয়েছিলেন চীনারা

২০১৮ সালে ট্রাম্প প্রশাসন চীনা পণ্যে ২৫ শতাংশ শুল্ক আরোপ করলে চীনা উৎপাদকেরা মার্কিন বাজারে প্রতিযোগিতায় টিকে থাকতে বিকল্প উপায় খোঁজেন। বিবিসির তথ্যানুসারে, তখন ভিয়েতনাম ছিল চীনের অন্যতম লক্ষ্য। কেননা, সেখানে শ্রম খরচ কম, কিন্তু রপ্তানি সুবিধা বেশি। এ ছাড়া চীন-ভিয়েতনাম সম্পর্কের কারণে সরবরাহব্যবস্থাও ছিল সহজ। এ কারণে ভিয়েতনামে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (এফডিআই) প্রবাহ অনেকটাই বেড়ে যায়।